

## নিয়োগ বিজ্ঞপ্তি

০১/০৯/২০২৪ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ে বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরোর সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত শেরপুর ও জামালপুর জেলার নালিতাবাড়ী ও জামালপুর উপজেলায় “সমৃদ্ধি কর্মসূচির” আওতায় নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দা পুরুষ প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম, বয়স  | শিক্ষাগত যোগ্যতা, বেতন ভাতা ও অভিজ্ঞতা   | দায়িত্ববলীর সারাংশ   |
|---|--|---|
| ১. উপজেলা কর্মসূচি সমন্বয়কারী/<br>Upazila Program<br>Coordinator (UPC)<br>শ্রেণি- (VI), বয়স : ৩০-৪৫ বছর।<br>পদ সংখ্যা- ৪ টি (পুরুষ)।                    | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। সামাজিক উন্নয়নমূলক কাজে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। মাসিক সাকুল্যে বেতন ২৫,০০০/- টাকা। এছাড়া নিয়ম অনুযায়ী মোবাইল ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ জানতে হবে। | সংশ্লিষ্ট উপজেলায় কর্মসূচির ফোকাল Focal Point হিসাবে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়, প্রতিবেদন তৈরী, বাজেট বাস্তবায়ন, হিসাব সংরক্ষণ, সভা ও প্রশিক্ষণ পরিচালনা, বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড বাস্তবায়নে পারদর্শী ও আন্তরিক হতে হবে। নিয়মিতভাবে উপজেলার আওতাভুক্ত কর্মএলাকায় ভ্রমণের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়ন, মনিটরিং ও তত্ত্বাবধান করবেন।                           |
| ২. সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী/ Assistant<br>Upazila Program<br>Coordinator (AUPC)<br>শ্রেণি- (VII), বয়স : ২৫-৩৫ বছর।<br>পদ সংখ্যা- ৪ টি (পুরুষ)। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। সামাজিক উন্নয়নমূলক কাজে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। মাসিক সাকুল্যে বেতন ২০,০০০/- টাকা। এছাড়া নিয়ম অনুযায়ী মোবাইল ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ জানতে হবে।             | তিনি কর্মসূচির আওতায় পরিচালিত সকল কাজে সমৃদ্ধি কর্মসূচি উপজেলা সমন্বয়কারীকে সহযোগিতা করবেন। নিয়মিতভাবে উপজেলার আওতাভুক্ত কর্মএলাকায় ভ্রমণের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও মনিটরিং করবেন। এছাড়া, সংশ্লিষ্ট উপজেলায় স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়, প্রতিবেদন তৈরী, সভা ও প্রশিক্ষণ পরিচালনা করাসহ বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড বাস্তবায়নে পারদর্শী ও আন্তরিক হতে হবে। |

### শর্তাবলী :

- ১। আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং আগামী ২২/০৯/২০২৪ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাহী পরিচালক বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিস্ট্রনং-৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ২। চাকুরী চলাকালীন প্রকল্পের নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- ৩। যোগদানের সময় সংস্থার অনুকূলে ১ (এক) মাসের সমপরিমাণ বেতন জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।
- ৪। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ৫। ১ নং প্রার্থীদের মোটর সাইকেল চালানো জানতে হবে এবং তাদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- ৭। আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ৮। অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট [www.rds-bd.org](http://www.rds-bd.org) ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- নির্বাহী পরিচালক, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গুর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।